Luminus

Montelukast

Composition

Luminus 10 Tablet: Each film coated tablet contains Montelukast Sodium USP equivalent to Montelukast 10 mg

Luminus 5 Chewable Tablet: Each chewable tablet contains Montelukast Sodium USP equivalent to Montelukast 5 mg

Luminus 4 Chewable Tablet: Each chewable tablet contains Montelukast Sodium USP equivalent to Montelukast 4 mg

Pharmacology

Montelukast is a selective and orally active leukotriene receptor antagonist that inhibits the cysteinyl leukotriene receptor (CysLT1). The cysteinyl leukotrienes (LTC4, LTD4, LTE4) are products of Arachidonic acid metabolism and are released from various cells, including mast cells and eosinophils. Cysteinyl leukotrienes and leukotriene receptor occupation have been correlated with the pathophysiology of asthma, including airway edema, smooth muscle contraction and altered cellular activity associated with the inflammatory process, which contribute to the signs and symptoms of asthma.

Indications

Luminus is indicated for the prophylaxis and chronic treatment of asthma in adults and children. It is indicated for the relief of symptoms of allergic rhinitis (Seasonal & Perennial allergic rhinitis).

It is also indicated for prevention of Exercise-Induced Bronchoconstriction (EIB) in patients of 15 years of age and older.

Dosage and Administration

For Adults (15 years of age or above): One 10 mg tablet daily in the evening.

Children (6 years – 14 years of age): One 5 mg chewable tablet daily in the evening.

Children (6 months – 5 years of age): One 4 mg chewable tablet daily in the evening.

Luminus may be taken with or without food or as directed by the physician.

Contraindications

Montelukast is contraindicated in patients with hypersensitivity to any component of this product.

Precautions

Montelukast is not indicated for use in the reversal of bronchospasm in acute asthma attacks, including status asthmaticus. Therapy with Montelukast can be continued during acute exacerbations of asthma. It should not be used as monotherapy for the treatment and management of exercise-induced bronchospasm.

Side Effects

Montelukast has been generally well tolerated. Side effects usually are mild, including gastro-intestinal disturbances, dry mouth, thirst, hypersensitivity reactions including anaphylaxis, angioedema, skin reactions, asthenia, dizziness, irritability, headache, upper respiratory tract infection, fever, arthralgia & myalgia. Neuropsychiatric events have been reported with use of Montelukast such as: agitation, aggressive behavior, anxiousness, depression, disturbance in attention, dream abnormalities, insomnia, restlessness, memory impairment etc.

Pregnancy and Lactation

There are no adequate and well controlled studies in pregnant women. Montelukast should be used during pregnancy only if clearly needed. It is excreted in breast milk. So, caution should be exercised when Montelukast is given to a nursing mother.

Drug Interactions

It is reasonable to employ appropriate clinical monitoring when potent cytochrome P-450 enzyme inducers, such as phenobarbital or rifampin are co-administered with Montelukast.

Overdose

There were no side effects reported in the majority of overdose reports. The most frequently occurring symptoms reported with overdose in adults and children included abdominal pain, sleepiness, thirst, headache, vomiting and hyperactivity.

Storage

Store in a cool and dry place below 30^0C, protected from light. Keep out of the reach of children.

How Supplied

Luminus 10 Tablet (21's): Each box contains 21 tablets (3X7's) in Alu-Alu Blister pack.

Luminus 5 Chewable Tablet (35's): Each box contains 35 chewable tablets (5X7's) in Alu-Alu Blister pack.

Luminus 4 Chewable Tablet (35's): Each box contains 35 chewable tablets (5X7's) in Alu-Alu Blister pack

dbl PHARMA

Manufactured by:

DBL Pharmaceuticals Limited

Surabari, Kashimpur, Gazipur, Bangladesh

C:10400299

www.dbl-pharma.com

লুমিনাস

মন্টিলুকাস্ট

উপাদান

লুমিনাস ১০ ট্যাবলেটঃ প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম ইউএসপি যা ১০ মি.গ্রা. মন্টিলুকাস্টের সমতুল্য।

লুমিনাস ৫ চুষে খাওয়ার ট্যাবলেটঃ প্রতিটি চুষে খাওয়ার ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম ইউএসপি যা ৫ মি.গ্রা. মন্টিলুকাস্টের সমতুল্য।

লুমিনাস ৪ চুষে খাওয়ার ট্যাবলেটঃ প্রতিটি চুষে খাওয়ার ট্যাবলেটে রয়েছে মন্টিলুকাস্ট সোডিয়াম ইউএসপি যা ৪ মি.গ্রা. মন্টিলুকাস্টের সমতুল্য।

ফার্মাকোলজি

মন্টিলুকাস্ট মুখে সেবনযোগ্য নির্দিষ্ট লিউকোট্রাইন রিসেপ্টর এন্টাগনিস্ট যা সিস্টেইনাইল লিউকোট্রাইন রিসেপ্টরকে বাধা প্রদান করে। এরাকিডনিক এসিডের বিপাকীয় দ্রব্য হলো সিস্টেইনাইল লিউকোট্রাইন (এলটিসি৪, এলটিডি৪, এলটিই৪,) যা মাস্ট সেল ইয়োসিনোফিল সহ বিভিন্ন ধরনের সেল থেকে নির্গত হয়। সিস্টেইনাইল লিউকোট্রাইনের উৎপাদন এবং রিসেপ্টরের সাথে এর বন্ধন, এ্যাজমার উপসর্গ যেমন শ্বাসতন্ত্রে পানি জমা বা ফুলে যাওয়া, কোমল মাংসপেশীর সংকোচন প্রভৃতির সাথে সম্পর্কিত। এটি প্রদাহের মাধ্যমে কোষের কার্যকারিতার পরিবর্তন করে, যার ফলে এ্যাজমার লক্ষণ ও উপসর্গ দেখা দেয়।

নির্দেশনা

পূর্ণবয়স্ক এবং শিশুদের এ্যাজমা রোগের প্রতিষেধক এবং দীর্ঘস্থায়ী এ্যাজমা রোগের ব্যবস্থাপনায় **লুমিনাস** নির্দেশিত। এটি এলার্জি জনিত উপসর্গ (সিজনাল এলার্জিক রাইনাইটিস ও পেরেনিয়াল এলার্জিক রাইনাইটিস) দূর করতে এবং ব্যায়ামজনিত শ্বাসনালীর সংকোচন প্রতিরোধে ১৫ বছর ও তার অধিক বয়সী রোগীদের জন্য নির্দেশিত।

মাত্রা ও ব্যবহারবিধি

পূর্ণবয়স্ক (১৫ বছরের বেশি বয়সী): প্রতিদিন সন্ধ্যায় একটি ১০ মি.গ্রা. ট্যাবলেট।

শিশু (৬ বছর - ১৪ বছর): প্রতিদিন সন্ধ্যায় একটি ৫ মি.গ্রা. চুষে খাওয়ার ট্যাবলেট।

শিশু (৬ মাস - ৫ বছর): প্রতিদিন সন্ধ্যায় একটি ৪ মি.গ্রা. চুষে খাওয়ার ট্যাবলেট।

মন্টিলুকাস্ট খাদ্য গ্রহণের সাথে সম্পৃক্ত নয় এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশনা

মন্টিলুকাস্ট কিংবা এর যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীদের জন্য এটি প্রতিনির্দেশিত।

সাবধানতা

তীব্র-জটিল এ্যাজমা যেমন, স্ট্যাটাস এ্যাজমাটিকাস দরুন সৃষ্ট ব্রঙ্কোস্পাজমের চিকিৎসায় মন্টিলুকাস্ট নির্দেশিত নয়। তবে তীব্র এ্যাজমার ক্ষেত্রে অন্যান্য চিকিৎসার পাশাপাশি মন্টিলুকাস্ট দিয়ে চিকিৎসা চলমান থাকবে। শরীরচর্চার ফলে ব্রঙ্কোস্পাজমের চিকিৎসা এবং তার ব্যবস্থাপনায় মনোথেরাপি হিসেবে মন্টিলুকাস্ট নির্দেশিত নয়।

পার্শ্ব প্রতিক্রিয়া

মন্টিলুকাস্ট সাধারণত অত্যন্ত সহনীয়। পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ যা সাধারণত মৃদু ধরনের, তার মধ্যে রয়েছে পরিপাকতন্ত্রের অস্বাচ্ছন্দ্য, শুকনো মুখ, তৃষ্ণা, এনাফাইলেক্সিস, এনজিওএডেমা এবং ত্বকের প্রতিক্রিয়াসহ বিভিন্ন ধরনের অতিসংবেদনশীলতা, দূর্বলতা, মাথা ঘোরা, স্পর্শকাতরতা, মাথাব্যথা, উর্ধ্ব শ্বাসতন্ত্রের সংক্রমণ, জ্বর, সন্ধি ব্যাথা এবং পেশীর ব্যাথা। মন্টিলুকাস্ট ব্যবহারের ফলে স্নায়বিক মনোরোগ জাতীয় সমস্যা হতে পারে যেমন, আক্রমণাত্মক আচরণ, উদ্বেগ, বিষণ্ণতা, মনোযোগে ব্যাঘাত, দুঃস্বপ্ন, অনিদ্রা, অস্থিরতা, স্মৃতিভ্রম ইত্যাদি।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে

গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে পর্যাপ্ত এবং সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। শুধুমাত্র একান্ত প্রয়োজনীয় বিবেচিত হলেই গর্ভাবস্থায় মন্টিলুকাস্ট ব্যবহার করা যেতে পারে। মন্টিলুকাস্ট মাতৃদুগ্ধে নিঃসরিত হয় তাই স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে মন্টিলুকাস্ট সেবনে সাবধানতা অবলম্বন করতে হবে।

অন্যান্য ওষুধের সাথে মিথষ্ক্রিয়া

মন্টিলুকাস্ট ও শক্তিশালী সাইটোক্রোম পি-৪৫০ এনজাইম নিঃসরক ফেনোবারবিটাল অথবা রিফামপিন একসাথে সেবনের ক্ষেত্রে যথোচিত পর্যবেক্ষন করা যুক্তিযুক্ত।

মাত্রাধিক্য

মাত্রাধিক্যের কারণে তেমন কোন পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়নি। প্রাপ্তবয়স্ক ও শিশুদের মধ্যে মাত্রাধিক্যের কারণে যে ধরনের লক্ষণ গুলো দেখা যায় তার মধ্যে তলপেটে ব্যথা, ঘুম ভাব, পিপাসা, মাথাব্যথা, বমি ভাব এবং অস্থিরতা উল্লেখযোগ্য।

সংরক্ষণ

আলো থেকে দূরে, শুষ্ক ও ঠান্ডা স্থানে ৩০° সে. তাপমাত্রার নিচে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ

লুমিনাস ১০ ট্যাবলেট (২১ টি): প্রতিটি বাক্সে রয়েছে ২১ টি ট্যাবলেট (৩×৭) অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

লুমিনাস ৫ চুষে খাওয়ার ট্যাবলেট (৩৫ টি): প্রতিটি বাক্সে রয়েছে ৩৫ টি চুষে খাওয়ার ট্যাবলেট (৫×৭) অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

লুমিনাস ৪ চুষে খাওয়ার ট্যাবলেট (৩৫ টি): প্রতিটি বাক্সে রয়েছে ৩৫ টি চুষে খাওয়ার ট্যাবলেট (৫×৭) অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

প্রস্তুতকারক
ডিবিএল ফার্মাসিউটিক্যাল্‌স লিমিটেড
সুরাবাড়ী, কাশিমপুর, গাজীপুর, বাংলাদেশ।